

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী
খানসামা, দিনাজপুর।

সভাপতি : উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ।

সভার তারিখ : ২৭/০৯/২০২৩ খ্রি।

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট ক

অধ্যক্ষ সভার সভাপতি জনাব মোঃ তাজ উদ্দিন, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, খানসামা, দিনাজপুর সভার পরবর্তী কার্যক্রম পরিচালনা করেন।

আলোচনা ১: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

গত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধন ও সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

আলোচনা ২: ২০২৩-২৪ অর্থবছরে খরিফ-২/২০২৩-২০২৪ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় মাসকলাই ও গ্রীষ্মকালীন পৈয়াজ (নাবী)-এর আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় ০৬ (ছয়) টি ইউনিয়ন হতে প্রাপ্ত কৃষকদের অগ্রাধিকার তালিকা অনুমোদনঃ

উপজেলা কৃষি অফিসার জানান যে, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সহায়তার লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরে খরিফ-২/২০২৩-২০২৪ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় মাসকলাই ও গ্রীষ্মকালীন পৈয়াজ (নাবী)-এর আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় ০৬ (ছয়) টি ইউনিয়ন হতে কৃষকদের অগ্রাধিকার তালিকা পাওয়া গিয়েছে, তিনি অগ্রাধিকার তালিকাগুলো সভায় উপস্থাপন করেন যা নিম্নরূপ-


ক্রমিক নং	ইউনিয়নের নাম	ফসলভিত্তিক জমির বিভাজন (বিঘা/জন)			মন্তব্য
		মাসকলাই	গ্রীষ্মকালীন পৈয়াজ (নাবী)	মোট	
০১.	আলোকঝাড়ী	১০	৫	১৫	* একজন চাষী পরিবারকে ১ (এক) বিঘা (৩৩ শতক) জমিতে চাষের জন্য মাসকলাই বীজ ৫ কেজি, ডিএপি সার ১০ কেজি ও এমওপি সার ৫ কেজি এবং গ্রীষ্মকালীন পৈয়াজ (নাবী) চাষের জন্য ১ জন চাষী পরিবারকে ১ (এক) বিঘা (৩৩ শতক) জমিতে ১ কেজি পৈয়াজ বীজ, ডিএপি সার ২০ কেজি ও এমওপি সার ২০ কেজি এবং জমি প্রস্তুত ও সেচ বাবদ ৫০০/- টাকা, শ্রমিক বাবদ ১৫০০/- টাকা, মোট =২০০০/- (দুই হাজার) টাকাসহ অন্যান্য উপকরণ সহায়তা পাবেন।
০২.	ভেড়ভেড়ী	১০	৫	১৫	
০৩.	আঙ্গারপাড়া	৫	১০	১৫	
০৪.	খামারপাড়া	১০	১০	২০	
০৫.	ভাবকী	১০	৫	১৫	
০৬.	গোয়ালডিহি	৫	৫	১০	
সর্বমোট=		৫০	৪০	৯০	

উক্ত অগ্রাধিকার তালিকাগুলো সভায় যাচাই বাছাই করে কোন প্রকার সংশোধন ও সংযোজন না থাকায় তা অনুমোদনের জন্য সকল সদস্য একমত পোষণ করেন।

সিদ্ধান্তঃ

সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
সিদ্ধান্ত ১ঃ ২০২৩-২৪ অর্থবছরে খরিফ-২/২০২৩-২০২৪ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় মাসকলাই ও গ্রীষ্মকালীন পৈয়াজ (নাবী)-এর আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় ০৬ (ছয়) টি ইউনিয়ন হতে প্রাপ্ত মোট ৯০ জন কৃষকদের উক্ত অগ্রাধিকার তালিকা অনুমোদনের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	১। সভাপতি ও সদস্য সচিব উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ তাজ উদ্দিন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি


খানসামা, দিনাজপুর।

তারিখ: ২৭/০৯/২০২৩ খ্রি.

স্মারক নং- ১২.১৮.২৭৬০.০৪১.৯৯.০০১.২৩/ ৭৫৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব আবুল হাসান মাহমুদ আলী, এমপি-৯, দিনাজপুর-৪।
২. জেলা প্রশাসক, দিনাজপুর।
৩. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।
৫. উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
৬. উপজেলা..... অফিসার, খানসামা, দিনাজপুর।
৭. জনাব....., চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
৮. অফিস নথি।


২৭/০৯/২০২৩
(ইয়াসমিন আক্তার)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
খানসামা, দিনাজপুর।